



ASIAN DEVELOPMENT BANK

## বাংলাদেশ: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি - পর্ব ৩

প্রকল্পের নাম	মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি - পর্ব ৩
প্রকল্পের নম্বর	৪৪২১৩-০১৮
দেশ	বাংলাদেশ
প্রকল্পের বর্তমান অবস্থা	অনুমোদিত
প্রকল্পের ধরন/ সহায়তার ধরন	ঋণ
অর্থায়নের উৎস/ পরিমাণ	<b>অনুদান: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি - পর্ব ৩</b> বিশ্ব ব্যাংক <span style="float: right;">মার্কিন ডলার ২০.০০ মিলিয়ন</span> <b>ঋণ 3649-BAN: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি - পর্ব ৩</b> সহজ শর্তের ঋণ/ এশীয় উন্নয়ন তহবিল <span style="float: right;">মার্কিন ডলার ২২৫.০০ মিলিয়ন</span> <b>ঋণ: মাধ্যমিক শিক্ষা খাত বিনিয়োগ কর্মসূচি - পর্ব ৩</b> বিশ্ব ব্যাংক <span style="float: right;">মার্কিন ডলার ৫০০.০০</span>
কৌশলগত বিষয়সমূহ	অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক প্রবৃদ্ধি
পরিবর্তনের চালিকাশক্তি	সুশাসন দক্ষতা ও সক্ষমতা উন্নয়ন গুণাভিত্তিক সমাধান অংশীদারিত্ব
খাত/ উপখাত	<b>শিক্ষা-</b> মাধ্যমিক
জেন্ডার সমতা ও মূলধারাকরণ	জেন্ডার সমতা
বিবরণ	একটি দ্রুত বর্ধনশীল অর্থনীতির আবশ্যিকতা পূরণে যুবসমাজকে যোগ্য করে গড়ে তোলার লক্ষ্যে পর্ব ৩-এর আওতায় সরকারের মাধ্যমিক শিক্ষা (ষষ্ঠ থেকে দ্বাদশ শ্রেণী) সংস্কার কার্যক্রমে সহায়তা অব্যাহত রাখা হবে। এডিবি ও বিশ্ব ব্যাংকের সহায়তায়

পূর্বতন প্রকল্পসমূহ এবং পর্ব ১ ও পর্ব ২-এর ভিত্তিতে, পর্ব ৩-এর আওতায় যে সকল সহায়তা দেয়া হবে সেগুলোর মধ্যে রয়েছে, (ক) মৌলিক সংস্কার বাস্তবায়ন যেমন পাঠ্যক্রমের আধুনিকায়ন এবং পরীক্ষার প্রমিতকরণ, (খ) বিজ্ঞান, অংক, ইংরেজী ও বাংলা বিষয়ে উন্নত শিক্ষাপ্রদান, এবং (গ) শিক্ষণ প্রক্রিয়ায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার। শিক্ষার সুযোগ, শিক্ষা চলমান রাখা এবং ৬ বছর মেয়াদী মাধ্যমিক শিক্ষা সম্পন্ন করার ক্ষেত্রে, সঙ্গতিপূর্ণ শিক্ষাবৃত্তি, শিক্ষকদের মধ্য থেকে প্রশিক্ষক তৈরির কার্যক্রম (resource teacher program), এবং কিশোরীদের কার্যক্রম বিশেষ ভূমিকা রাখবে। বিকেন্দ্রীকরণ, পরিকল্পনা, পরিরীক্ষণ ও মূল্যায়ন, ক্রয় এবং আর্থিক ব্যবস্থাপনার মাধ্যমে খাত ব্যবস্থাপনাকে শক্তিশালী করা হবে।

প্রকল্পের এই পর্বের আওতায় একটি খাতব্যাপী পন্থায় (SWAp) সরকারের সমন্বিত মাধ্যমিক শিক্ষা উন্নয়ন কার্যক্রম (SEDP)-এ সহায়তা করা হবে। প্রকল্পের পর্ব ১ ও ২-এর অর্থ ছাড়করণ প্রক্রিয়া অনুসরণে এডিবি'র সাথে বিশ্ব ব্যাংক-এর তহবিল সঞ্চালন প্রক্রিয়া সমন্বয় করা হয়েছে। এডিবি ও বিশ্ব ব্যাংক উভয়ে অভিন্ন অর্থ ছাড়করণ সম্পর্কিত সূচক (DLI) পদ্ধতিতে সম্মত হয়েছে। তাছাড়া, বিশ্ব ব্যাংক যুগপৎ সহ-অর্থায়ন হিসাবে ২০ মিলিয়ন ডলার অর্থ প্রদান করবে এবং জাতিসংঘ সংস্থাসমূহ SWAp ব্যবস্থার অনুসরণে SEDP-কে কারিগরী সহায়তা দেবে।

প্রকল্পের যৌক্তিকতা এবং দেশ/ আঞ্চলিক কর্ম-কৌশলের সাথে সম্পর্ক

পর্ব ৩-এর আওতায় ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনায় দেশীয় পদ্ধতি জোরদারকরণ প্রক্রিয়া চলমান থাকবে। পর্ব ১ ও পর্ব ২-এ সূচিত জাতীয় ই-গভর্নামেন্ট প্রকিউরমেন্ট-এর বাস্তবায়ন পর্ব ৩-এও চলমান থাকবে। তাছাড়া, জাতীয় ক্রয় ও আর্থিক ব্যবস্থাপনা সংস্কার কর্মকৌশল (২০১৬-২০২১) অনুসরণে, একক বাজেট পদ্ধতি বাস্তবায়নে সরকার পর্ব ৩-কে জাতীয় পর্যায়ে পরীক্ষামূলক প্রকল্প হিসাবে অনুমোদন দিয়েছে। পরীক্ষামূলক এই প্রকল্পে সহায়তার জন্য পর্ব ৩-এর লক্ষ্য হলো, (ক) বাজেট পরিকল্পনা উন্নীত করা, (খ) আবর্তনশীল এবং পুঁজি ব্যয়ের ক্ষেত্রে সম্পদ বরাদ্দে আরো ভারসাম্য আনা, এবং (গ) প্রকল্পের পরিকল্পিত ফলাফল অর্জনে সম্পদের টেকসই ব্যবহার করা।

উন্নয়ন প্রভাব

মাধ্যমিক শিক্ষা পদ্ধতি আরো কার্যকরী, সমতাপূর্ণ, এবং উচ্চ গুণগত মানসম্পন্ন।

### প্রকল্পের উন্নয়ন ফলাফল

উন্নয়ন ফলাফলের বিবরণ

ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক শিক্ষার ফলাফল এবং মাধ্যমিক শিক্ষা পদ্ধতির কার্যকারিতা বৃদ্ধিপ্রাপ্ত।

উন্নয়ন ফলাফল অর্জনের অগ্রগতি

## বাস্তবায়নের অগ্রগতি

প্রকল্প ফলাফলের বিবরণ

মাধ্যমিক শিক্ষার গুণগত মান ও প্রাসঙ্গিকতা বৃদ্ধিপ্রাপ্ত।  
সমতাপূর্ণ সুযোগ ও শিক্ষাগ্রহণ বজায় রাখার হার বৃদ্ধিপ্রাপ্ত।  
শিক্ষা ব্যবস্থাপনা এবং সুশাসন জোরদার।

বাস্তবায়ন অগ্রগতির পর্যায়

(ফলাফল, কর্মকাণ্ড এবং

সমস্যাসমূহ)

ভৌগোলিক অবস্থান

দেশব্যাপী

## সুবিধা-ব্যবস্থার শ্রেণীবিভাগ

পরিবেশগত

C

অনৈচ্ছিক পুনর্বাসন

C

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

B

## পরিবেশগত ও সামাজিক প্রেক্ষিতের সার-সংক্ষেপ

পরিবেশগত

প্রেক্ষিত

এ প্রকল্পের আওতায় কোনো ধরনের নির্মাণকাজে সহায়তা দেয়া হবে না। এ প্রকল্পে কোন নির্মাণকাজ নেই বিধায় পরিবেশের ওপর কোন ক্ষতিকর প্রভাব অনুমিত হয়নি।

অনৈচ্ছিক

পুনর্বাসন

এ প্রকল্পের আওতায় কোন ভূমি অধিগ্রহণ বা পুনর্বাসন অনুমিত নয়।

ক্ষুদ্র নৃ-গোষ্ঠী

জনগণকে মাধ্যমিক শিক্ষার সুফল পেতে সহায়তার লক্ষ্যে উপজাতি, সংখ্যালঘু জনগোষ্ঠী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, এবং স্থানীয় জনসাধারণ সম্পর্কিত পরিকল্পনা পরিকাঠামো প্রণীত ও অনুমোদিত হয়েছে।

## অংশীদারদের সাথে মত-বিনিময়, যোগাযোগ, ও অংশগ্রহণ

প্রকল্প প্রস্তুতিকালীন ধারাবাহিক মতবিনিময় সভার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের মাতা-পিতা ও স্কুল ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ বেসরকারী প্রতিষ্ঠান, শিক্ষক এবং স্থানীয় জনসাধারণ প্রকল্পের প্রস্তুতি কাজে অংশগ্রহণ করেন।

প্রকল্প বাস্তবায়নকালীন প্রকল্পের পরিবীক্ষণ ও বাস্তবায়ন কাজের সাথেও তাঁরা সম্পৃক্ততা বজায় রাখবেন।

## কাজের সুযোগ

পরামর্শক সেবা নেই

ক্রয় নির্দেশনামূলক ক্রয় পরিকল্পনা প্রণীত

## দায়িত্বপ্রাপ্ত কর্মী

এডিবি'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা

তাজিমা, এইসুকে

এডিবি'র দায়িত্বপ্রাপ্ত বিভাগ

দক্ষিণ এশিয়া বিভাগ

এডিবি'র দায়িত্বপ্রাপ্ত উপ-বিভাগ

মানব ও সামাজিক উন্নয়ন বিভাগ, SARD

নির্বাহী সংস্থাসমূহ

শিক্ষা মন্ত্রণালয়

শিক্ষা ভবন, ১৬ আব্দুল গনি রোড

ঢাকা-১০০০

বাংলাদেশ

## সময়সূচি

প্রকল্প ধারণাপত্রের অনুমোদন

-

তথ্যানুসন্ধান

-

ব্যবস্থাপনা কর্তৃপক্ষের পর্যালোচনা (MRM)

১০ অক্টোবর ২০১৭

অনুমোদন

২৮ মার্চ ২০১৮

সর্বশেষ পর্যালোচনা

-

প্রকল্প তথ্যপত্রের সর্বশেষ হালনাগাদ

২৭ মার্চ ২০১৮

**খণ 3649-BAN**

মাইলফলকসমূহ					
অনুমোদন	স্বাক্ষরের তারিখ	কার্যকরের তারিখ	সমাপ্তি		
			আদি	সংশোধিত	প্রকৃত
২৬ মার্চ ২০১৮	-		৩১ ডিসেম্বর ২০২৩	-	-

অর্থায়ন পরিকল্পনা		ক্রমযোজিত অর্থছাড়			
	মোট (মার্কিন ডলার মিলিয়ন)	তারিখ	এডি বি	অন্যা ন্য	নেট শতকরা হার
প্রকল্প ব্যয়	১,৯৭৬.৯০	ক্রমযোজিত চুক্তি অনুমোদন			
এডিবি	২২৫.০০	২১ ফেব্রুয়ারি ২০১৮	০.০০	০.০০	০%
সহযোগী	১,২৫১.৯০	ক্রমযোজিত অর্থছাড়			
সহ- অর্থায়ন	৫০০.০০	২১ ফেব্রুয়ারি ২০১৮	০.০০	০.০০	০%

প্রকল্পের ওয়েব-পাতা <https://www.adb.org/projects/44213-018/main>

তথ্যের জন্য অনুরোধ <http://www.adb.org/forms/request-information-form?subject=44213-018>

তৈরির তারিখ ১৪ মে ২০১৮

প্রকল্প তথ্যপত্রে (পিডিএস) প্রকল্প বা কর্মসূচির তথ্যের সার-সংক্ষেপ থাকে: তথ্যপত্র একটি পরিবর্তনশীল নথি হওয়ায় এর প্রাথমিক সংকলনে কিছু তথ্য অন্তর্ভুক্ত নাও থাকতে পারে, তবে সেগুলো পাওয়া মাত্রই এতে অন্তর্ভুক্ত করা হয়। প্রস্তাবিত প্রকল্প সংক্রান্ত তথ্যসমূহ সম্ভাব্য ও নির্দেশনামূলক হয়ে থাকে।

প্রকল্প তথ্যপত্র (পিডিএস)-এ বর্ণিত তথ্যের ব্যাপারে এডিবি কোন ধরনের নিশ্চয়তা প্রদান করে না, বরং ব্যবহারকারীদের জন্য শুধু সাধারণ তথ্য যোগান দিয়ে থাকে। এডিবি উচ্চমানসম্পন্ন তথ্য প্রদানে সচেষ্ট থাকলেও এই তথ্য 'যেমন আছে তেমন' ভিত্তিতে দেয়া হয়। এক্ষেত্রে তথ্যের বাণিজ্যিক বা বিশেষ ব্যবহার এবং উপযোগিতা, কিংবা তথ্যের স্বত্বাধিকার সম্পর্কে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কোন নিশ্চয়তা দেয়া হয় না। বিশেষত, এডিবি এ ধরনের তথ্যের যথার্থতা বা সম্পূর্ণতার নিশ্চয়তা প্রদান করে না।